COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 4th Semester Examinations, 2022

BENGALI

রবীন্দ্র সাহিত্য

CORE-10

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোনখানে' — কোন্ কবিতার অংশ ?

(খ) 'কবির সঙ্গে যেন একজন শিল্পী এসে যোগ দিল' — কোন্ কাব্যগ্রন্থ প্রসঙ্গে কবি একথা বলেছেন ?

(গ) 'হিরে বসানো সোনার ফুল কি সত্য, তবুও কি সত্য নয়' — প্রসঙ্গ নির্দেশ করো।

(ঘ) 'চোখের বালি' উপন্যাস প্রথম কোন্ পত্রিকায় এবং কবে প্রকাশিত হয় ?

(ঙ) সাহিত্য তার আপন চেষ্টাকে সফল করার জন্য কিসের আশ্রয় গ্রহণ করে থাকে ?

(চ) এক কথায় রবীন্দ্রনাথ সাহিত্যের কাজ বলতে কী বুঝিয়েছেন ?

(ছ) সাহিত্যে অপরূপকে রূপের দ্বারা ব্যক্ত করতে গেলে কী রক্ষা করতে হয় ?

(জ) 'দেখিবারে আঁখি .... পাখি ধায়' — কার রচনা ?

(ঝ) 'সমস্ত ঘরে আগুন লাগাইয়া দিয়া কেহ সন্ধ্যাপ্রদীপ জ্বালায় না' — কোন্ প্রবন্ধে একথা বলা হয়েছে ?

(ঞ) 'মুক্তধারা' নাটকে মোট ক'টি গান আছে ?

(ট) 'ক্ষুধিত পাষাণ' গল্পে উল্লিখিত প্রাসাদটি কে নির্মাণ করেছিল ?

(ঠ) 'স্ত্রীর পত্র' গল্পে 'শ্রীক্ষেত্র' বলতে কোন্ স্থানকে বোঝানো হয়েছে ?

(ড) 'মুক্তধারা' নাটকে যন্ত্ররাজ বিভূতি কার কাছ থেকে বিদ্যে চুরি করে মুক্তধারার বাধ বাঁধতে সক্ষম হয়েছেন ?

(ঢ) 'মুক্তধারা' নাটকের কোন্ চরিত্রটিকে রবীন্দ্রনাথ তাঁর 'প্রায়শ্চিত্ত' নামক নাটক থেকে নিয়েছেন ?

(ণ) 'এ ঘরে আজ সে অতিথিমাত্র' — কার সম্পর্কে বলা হয়েছে ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) "এই জলের শব্দে আমি আমার মাতৃভাষা শুনতে পাই" — বক্তা কে ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) "শশী নাহি চাই যদি ফিরে পাই আর বার এ জীবন" — এই উক্তিতে বক্তার যে মানসিকতা ব্যক্ত হয়েছে, প্রসঙ্গ নির্দেশ করে তার পরিচয় দাও।

(গ) "আমি বিধবা, আমি নিন্দিতা, সমস্ত সমাজের কাছে আমি তোমাকে লাঞ্ছিত করিব, এ কখনো হইতেই পারে না" — কে, কাকে একথা বলেছে ? লাঞ্ছিত করার প্রসঙ্গটি উল্লেখ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'মুক্তধারা' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) রবীন্দ্রনাথের 'স্ত্রীর পত্র' গল্পে নারীর যে ব্যক্তিস্বাতন্ত্র্য ব্যক্ত হয়েছে সে বিষয়ে আলোচনা করো।

(গ) 'যন্ত্রের চেয়ে মানুষ বড় — সে কথা প্রাণ দিয়েই প্রমাণ করতে হয়' — 'মুক্তধারা' নাটক অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) রবীন্দ্রনাথ তাঁর 'চোখের বালি' উপন্যাসে মানবমনের সূক্ষ্ম-জটিল মনস্তত্ত্ব বিশ্লেষণে যে নৈপুণ্য দেখিয়েছেন সে বিষয়ে আলোচনা করো।

(খ) 'ক্ষুধিত পাষাণ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অবলম্বনে সৌন্দর্য সম্পর্কে রবীন্দ্রনাথের ধারণার পরিচয় দাও।

——×——